

সি পি আই (এম) ত্রিপুরা রাজ্য কমিটির
পক্ষ থেকে নিম্নলিখিত বিবৃতি দেয়া হয়েছে :

তারিখ- ২৬-১১-২০১৬

আন্তর্জাতিক কমিউনিস্ট আন্দোলন ও সাম্রাজ্যবাদ বিরোধী সংগ্রামের প্রবাদপ্রতিম বিপ্লবী যোদ্ধা এবং কিউবায় সমাজতন্ত্রের রূপকার কমরেড ফিদেল কাস্ত্রো রুজের প্রয়াণে সি পি আই (এম) ত্রিপুরা রাজ্য কমিটি গভীর শোক প্রকাশ করেছে এবং তাঁর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাচ্ছে।



কমরেড ফিদেলের জনপ্রিয়তায় আতঙ্কিত হয়ে মার্কিন গোয়েন্দা সংস্থা সি আই এ তাঁকে অন্তত ৬৮ বার খুনের ষড়যন্ত্র করেছিলো। তাদের ধারণা ছিলো কমরেড ফিদেল কাস্ত্রোকে খুন করতে পারলে কিউবা থেকে সমাজতন্ত্র মুছে ফেলা যাবে এবং লাতিন আমেরিকার জনগণের ক্রমবর্ধমান সাম্রাজ্যবাদ বিরোধী মনোভাবকে প্রতিহত করা যাবে।

কিন্তু, তাদের কোনও পরিকল্পনাই কাজে আসেনি। বরং, কমরেড ফিদেল দক্ষিণ আফ্রিকা সহ আফ্রিকা মহাদেশের কয়েকটি রাষ্ট্রে বর্ণবিদ্বেষবাদী ও সাম্রাজ্যবাদের অনুচর শাসকদের উৎখাত করার সংগ্রামে সক্রিয় ভাবে সহযোগিতা করেন।

স্বাস্থ্য, শিক্ষা ও চিকিৎসা পরিষেবায় কিউবা আজ বিশ্বের সামনের সারিতে দাঁড়িয়ে আছে। যেখানেই মানবতা আক্রান্ত, সেখানেই কিউবার চিকিৎসকরা আন্তর্জাতিক চেতনায় উদ্বুদ্ধ হয়ে আতের সেবায় নিয়োজিত হয়েছেন। এ ক্ষেত্রে কমরেড ফিদেলের আন্তর্জাতিক সংহতির মনোভাব সকলকে উদ্বুদ্ধ করেছে।


কমরেড ফিদেল কাস্ত্রো রুজ প্রয়াত হলেও স্বাধীনতা, গণতন্ত্র ও সমাজতন্ত্রের সংগ্রামে বিশ্বের শ্রমজীবী জনগণের সামনে আলোকবর্তিকা হয়ে থাকবেন।

তাঁর প্রতি শ্রদ্ধা জানিয়ে আজ থেকে তিনদিন রাজ্যের সর্বত্র পার্টি পতাকা অর্ধনমিত রয়েছে। আজ রাজ্যের সর্বত্র তাঁর স্মৃতির প্রতি মৌন শ্রদ্ধা জ্ঞাপন করা হয়েছে।


সি পি আই (এম)
সদর মহকুমা কমিটির পক্ষে


প্রতি

বার্তা সম্পাদক/সংবাদ প্রতিনিধি



, আগরতলা

বিবৃতিটি প্রচার/প্রকাশের জন্য পাঠানো হলো।